

উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার- এর

সভার কার্যবিবরণী




সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ কালিহাতি, টাঙ্গাইল।

সভা নং- ০২

সময়: বিকেল ৪:৩০ হইতে বিকেল ৫:৩০ পর্যন্ত

তারিখ- ৩০/০৫/২০২৪ ইং

উপস্থিত সদস্যগণের নামের তালিকা:

ক্রঃ নং	নাম, পদবী ও ঠিকানা	স্বাক্ষর
০১	জনাব শাহাদাত হুসেইন উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।	
০২	জনাব মোহাম্মদ সিফাত বিন সাদেক সহকারী কমিশনার, (ভূমি) কালিহাতি, টাঙ্গাইল।	
০৩	জনাব লিজন হোসাইন সদস্য, নিজেরা শিখি (নিশি), রামপুর, কালিহাতি, টাঙ্গাইল।	

অদ্য তারিখ রোজ বৃহস্পতিবার বিকেল ৪:৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল- এ “উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার” প্রতিষ্ঠার অগ্রগতির বিষয়ে প্রতিষ্ঠাতা সদস্যগণের এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। অদ্যকার সভায় সভাপতিত্ব করেন- জনাব শাহাদাত হুসেইন, উপজেলা নির্বাহী অফিসার কালিহাতি, টাঙ্গাইল মহোদয়।


আলোচ্য বিষয়:

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. অত্র প্রতিষ্ঠান প্রতিষ্ঠার বিষয়ে আইসিটি বিভাগের উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখার পরামর্শ ও সিদ্ধান্ত।
৩. বিবিধ।

১ নং আলোচ্য বিষয়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে লিজন হোসাইন, সদস্য, নিজেরা শিখি (নিশি) বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান, এ বিষয়ে আর কোন সংশোধনী না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত অনুমোদিত হয়।

২ নং আলোচ্য বিষয়ে জনাব শাহাদাত হুসেইন, উপজেলা নির্বাহী অফিসার কালিহাতি, টাঙ্গাইল মহোদয় সবাইকে অবহিত করে বলেন গত ১৬/০৫/২০২৪ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় আইসিটি বিভাগের উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখায় স্ব-শরীরে সাক্ষাৎকার প্রদানে উপস্থিত হন। উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখার বাছাই কমিটির পরামর্শ ও সিদ্ধান্ত- প্রাথমিক অবস্থায় নিজ উদ্যোগে প্রতিষ্ঠানের অবকাঠামো প্রস্তুত করা, দ্বিতীয়তঃ ক্ষুদ্র পরিসরে প্রতিষ্ঠানের কার্যক্রম শুরু করা। উপরোক্ত বিচক্ষণ বাছাই কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে এই সিদ্ধান্ত উপনীত হয় যে, প্রতিষ্ঠাতা সদস্যগণ নিজ উদ্যোগে অত্র প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠা করবে এবং ক্ষুদ্র পরিসরে কার্যক্রম পরিচালনা করবে। এ বিষয়ে সভাসদগণের মধ্যে যাবতীয় প্রস্তুতিমূলক বিশদ ও বিস্তারিত আলাপ-আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা প্রশাসনের উদ্যোগে, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল ও নিজেরা শিখি (নিশি) রামপুর, কালিহাতি, টাঙ্গাইলের সার্বিক সহায়তায় “উপজেলা মিডিয়া এন্ড আইটি সেন্টার” নামক উদ্ভাবনী প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। এ বিষয়ে উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল ও নিজেরা শিখি (নিশি) রামপুর, কালিহাতি, টাঙ্গাইল- সার্বিক সহায়তা প্রদানে আশ্বস্ত করেন এবং যাবতীয় দায়-দায়িত্ব গ্রহণ করেন।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সুস্বাস্থ্য মঞ্জল কামনা করে উক্ত সভার সমাপ্ত ঘোষণা করেন।

  
শাহাদাত হুসেইন  
উপজেলা নির্বাহী অফিসার  
কালিহাতি, টাঙ্গাইল।